**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং- ০৫.৪১.৬৭৬৮.০০০.৩৪.০০১.১৫- তারিখ ঃ ফেব্রুয়ারি, ২০১৭।

**১৪২৪ বাংলা সনে রূপগঞ্জ উপজেলাধীন হাটবাজার ও খেয়াঘাট সমূহের ইজারার দরপত্র বিজ্ঞপ্তি**

নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজার ও খেয়াঘাটসমূহ ১৪২৪ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত শর্তসাপেক্ষে প্রতিটি হাটবাজার ও খেয়াঘাটের জন্য পৃথক পৃথক সীলমোহরযুক্ত খামে হাটবাজার ও খেয়াঘাটের নাম উল্লেখপূর্বক আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**নিম্নবর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ/কার্যক্রম গ্রহণ করা হবে। ১ম পর্যায়ে কাঙ্খিত ইজারা মূল্যে দরদাতা পাওয়া গেলে পরবর্তী পর্যায়সমুহের ক্ষেত্রে উক্ত হাট-বাজারসমুহ স্বয়ংক্রিয়ভাবে বাদ বলিয়া গণ্য হবে এবং ১ম পর্যায়ে কাঙ্খিত ইজারা মূল্যে কোন দরদাতা পাওয়া না গেলে সেক্ষেত্রে নিম্নে উল্লেখিত তারিখ ও সময় অনুযায়ী পর্যায়ক্রমে ২য় ও ৩য় বার দরপত্র আহ্বান করা হবে।**

| ১ম পর্যায় | | ২য় পর্যায় | | ৩য় পর্যায় | |
|---|---|---|---|---|---|
| দরপত্র বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় |
| ২৭ ফেব্রুয়ারি, ১৭ বিকাল ০৫:০০ টা | ২৮ ফেব্রুয়ারি, ১৭ দুপুর ০২.০০ টা | ০৮ মার্চ, ১৭ বিকাল ০৫:০০ টা | ০৯ মার্চ, ১৭ দুপুর ০২.০০ টা | ২১ মার্চ, ১৭ বিকাল ০৫:০০ টা | ২২ মার্চ, ১৭ দুপুর ০২.০০ টা |

**১৪২৪ বাংলা সনের জন্য ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা**

| ক্রমিক | সায়রাত মহালের নাম | ইউনিয়ন | ১৪২১ বাংলা সনের ইজারা মূল্য | ১৪২২ বাংলা সনের ইজারা মূল্য | ১৪২৩ বাংলা সনের ইজারা মূল্য | ১৪২৪ বাংলা সনের সর্বনিম্ন ইজারা মূল্য | দরপত্র মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | বরালু হাট | কায়েতপাড়া | ১৯,১০০ | ১৯,৮০০ | ২২,৫০০ | ২২৫১৪ | ৫০০/- | |
| ২ | পূর্বগ্রাম হাট | কায়েতপাড়া | ১৫,৪০০ | ১৮,৮০০ | ১৮,৫০০ | ১৯৪১৩ | ৫০০/- | |
| ৩ | পুটিনা হাট | দাউদপুর | ৪,১৫২ | ৪,২০০ | ৫২০০ | ৪৯৭০ | ৫০০/- | |
| ৪ | পশি হাট | রূপগঞ্জ | ৬,৫৫,০০০ | ৬,৭৫,০০০ | ৭,২৮,০০০ | ৭৫৪৬০০ | ২২০০/- | |
| ৫ | বাগবেড় হাট | রূপগঞ্জ | খাস আদায় | ৬৮,০৫০ | ৬৯১৫০ | ৭৫৪৬০ | ৫০০/- | |
| ৬ | হোড়গাঁও বাজার | গোলাকান্দাইল | ৪,০০০ | ৩,০০০ | খাস আদায় | ৪৪২৫ | ৫০০/- | |
| ৭ | গোলাকান্দাইলহাট | গোলাকান্দাইল | ৭০,০০,০০০ | ৬৮,৭০,০০০ | খাস আদায় | ৬৭১৬৮৪৪ | ১৪২০০/- | |
| ৮ | স্বর্ণখালী হাট | ভোলাব | ১৯,৬০১ | ২১,১০২ | ৩০,১০০ | ২৫৯৬২ | ৫০০/- | |
| ৯ | আতলাপুর হাট | ভোলাব | ১,৬৫,০০০ | ২,০০,০০০ | ১,৯০,০০০ | ২০৩৫০০ | ১২০০/- | |
| ১০ | হাটাব হাট | ভূলতা | ২,২০,০০০ | ১,৬১,০০০ | ২,০৬,০০০ | ২১৫২৩৪ | ১২০০/- | |
| ১১ | মুড়াপাড়া হাট | মুড়াপাড়া | ২৭,৫০,০০০ | ২১,৫০,০০০ | ৩৮,০০,৬০০ | ৩১৯০২২০ | ৭০০০/- | |

## ১৪২৪ বাংলা সনের জন্য ইজারাযোগ্য খেয়াঘাটের তালিকা ও সম্ভাব্য সর্বনিম্ন ইজারা মূল্য

| ক্রমিক | খেয়াঘাটের নাম | ইউনিয়ন | ১৪২১ বাংলা সনের ইজারা মূল্য | ১৪২২ বাংলা সনের ইজারা মূল্য | ১৪২৩ বাংলা সনের ইজারা মূল্য | ১৪২৩ বাংলা সনের সর্বনিম্ন ইজারা মূল্য | দরপত্র মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | আতলাপুর খেয়াঘাট | ভোলাব | ২,২০,০০০ | ২,০১,০০০ | ১,৯৮,০০০ | ২২,৬৯৬৮ | ১২০০ | |

**দরপত্র প্রাপ্তির স্থান ঃ-** (১) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), নারায়ণগঞ্জ (২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রূপগঞ্জ (৩) উপজেলা ভূমি অফিস, রূপগঞ্জ (৪) সোনালী ব্যাংক, রূপগঞ্জ শাখা এবং (৫) রূপগঞ্জ থানা, রূপগঞ্জ হতে হাট/বাজারের নামের পার্শ্বে উল্লেখিত নির্ধারিত সিডিউল মূল্যের বিনিময়ে সংগ্রহ করা যাবে।

**দরপত্র দাখিলের স্থানঃ-** হাট-বাজার ও খেয়াঘাটসমুহের দরপত্র নির্ধারিত ফরমে উপরোল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে-(১) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), নারায়ণগঞ্জ (২) পুলিশ সুপারের কার্যালয়, নারায়ণগঞ্জ, (৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রূপগঞ্জ (৪) উপজেলা ভূমি অফিস, রূপগঞ্জ এ রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। প্রাপ্ত সকল দরপত্র দাখিলের ধার্য তারিখ বেলা ০৪.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

**শর্তাবলী ঃ**

১। বাংলা ১৪২৪ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদের জন্য হাট-বাজার/খেয়াঘাট ইজারা দেয়া হবে।
২। দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ বরাবর জমাদান করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হইবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে এবং অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে।
৩। অনুমোদিত দরদাতা ইজারা প্রাপ্তি সম্পর্কে অবহিত হবার ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে দাখিলকৃত জামানতের ২৫% অর্থ সমন্বয় করতঃ ইজারামূল্যের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর অবশ্যই একই সঙ্গে পরিশোধ করবেন। উল্লেখিত অর্থ প্রাপ্তির পর নির্ধারিত চুক্তিনামার মাধ্যমে হাট-বাজার/খেয়াঘাটসমূহের দখল বুঝিয়ে দেয়া হবে। ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রাপ্য সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।
৫। এক হাট-বাজার/খেয়াঘাটের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।
৬। খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও হাট-বাজার/খেয়াঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হইবে।
৭। সরকার অনুমোদিত হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।
৮। প্রত্যেক হাট-বাজার/খেয়াঘাটের জন্য পৃথক পৃথক সীলমোহরযুক্ত খামে দরপত্র দাখিল করতে হবে। দরদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার/খেয়াঘাট অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি এরূপ কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০(তিনশত) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলেয়া গণ্য হবে।
১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলেয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।
১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
১৯। সময় সময় সরকারের জারিকৃত আদেশ/নির্দেশ ইজারাদার পালনে বাধ্য থাকবেন।

স্বাক্ষরিত/-

**(ফারহানা ইসলাম)**
উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
☏ ০২ ৭৬৫০১০১
🖷 ০২ ৭৬৫০০১৬
unorupganj@mopa.gov.bd